# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং: ২৮.১৬.৯১০০.০০৪.০৬.০০৬.২০/৭৮(৮)

তারিখঃ ০১-০৯-২০২০

**বিষয়ঃ জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত 'ইনোভেশন টীম' এর (২০২০-২১ অর্থবছরের ১ম সভার) কার্যবিবরণী।**

সভাপতিঃ প্রকৌ. জসিম উদ্দিন আহমদ
ইনোভেশন অফিসার, ইনোভেশন টীম
ও
মহাব্যবস্থাপক (পরিকল্পনা), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল), সিলেট।

তারিখঃ ২৩-০৮-২০২০
সময়ঃ বিকাল ০৪.০০ ঘটিকা
স্থানঃ কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, সিলেট।
সভায় উপস্থিত টীমের সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' হিসেবে সংযুক্ত।

১.০ **আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অত্র কোম্পানী কর্তৃক গৃহীত ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ফলোআপ ২০২০-২১ অর্থ বছর এর গৃহীত কার্যক্রমের অগ্রগতিসহ নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা হয়।

সভায় আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১.১ | এসএমএস এর মাধ্যমে প্রত্যয়ন পত্র প্রদান ব্যবস্থা প্রবর্তন | ২০১৯-২০ অর্থবছরের গৃহীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্ভাবনী আইডিয়া হিসেবে এসএমএস এর মাধ্যমে কোম্পানীর গ্যাস গ্রাহকগণের বার্ষিক প্রত্যয়ন পত্র প্রদান পদ্ধতি সফলভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। তবে এসএমএস এর কনটেন্ট গ্যাস গ্রাহকগণের কাছে সহজিকরণের প্রয়োজন। এ লক্ষ্যে মহাব্যবস্থাপক(অর্থ) ও আবিকা-ছাতকের ব্যবস্থাপককে (বকেয়া আছে এবং বকেয়া নেই উভয় ধরণের) প্রত্যয়নপত্রের সুস্পষ্টিকরণ ও স্বচ্ছতা আনয়নের দায়িত্ব অর্পণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | কোম্পানীর গ্যাস গ্রাহকগণের বার্ষিক প্রত্যয়ন পত্রের এসএমএস এর কনটেন্ট গ্যাস গ্রাহকগণের সহজে বোধগম্য, সুস্পষ্টিকরণ ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কনটেন্ট পুনরায় প্রস্তুতপূর্বক আগামী ০৭(সাত) দিনের মধ্যে কোম্পানির ইনোভেশন অফিসার বরাবরে প্রেরণ করবে। | ক) মোঃ আবু ইউসুফ মিয়া, মহাব্যবস্থাপক (অর্থ) ও<br>খ) বিপ্লব কুমার বিশ্বাস, ব্যবস্থাপক(আবিকা-ছাতক), জেজিটিডিএসএল, সিলেট। |
| ১.২ | বিকাশ লিমিটেড এর মাধ্যমে গ্যাস বিল আদায় প্রক্রিয়া পরিক্ষণ | ১৯-২০ অর্থবছরের গৃহীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্ভাবনী আইডিয়া হিসেবে বিকাশ লিমিটেড এর মাধ্যমে গ্যাস বিল আদায় ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে। তবে বিকাশের মাধ্যমে সংগৃহীত গ্যাস বিল অত্র কোম্পানীর একাউন্টে সঠিকভাবে জমা হচ্ছে কিনা এবং গ্রাহকগণের গ্যাস পরিশোধের ক্ষেত্রে কোন ধরণের সমস্যা পরিলক্ষিত হচ্ছে কিনা এবং Re-conciliation সঠিকভাবে হচ্ছে কিনা তা উল্লেখপূর্বক পরীক্ষান্তে মূল্যায়ন প্রতিবেদন প্রদানের জন্য সরজমিনে পরিবীক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিকাশ লিমিটেড এর মাধ্যমে গ্যাস বিল আদায় ব্যবস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অত্র কোম্পানীতে নিম্নবর্ণিত কমিটি উদ্যোগ গ্রহণ করবে।<br>ক) প্রকৌ.সারোয়ার জাহান মাহমুদ, উপ-মহাব্যবস্থাপক (আরডিডি-সিলেট) ও আহবায়ক, জেজিটিডিএসএল, সিলেট।<br>খ) মোঃ শফিউল আলম সরকার, ব্যবস্থাপক (কেন্দ্রীয় রাজস্ব শাখা) ও সদস্য,<br>গ) প্রকৌ. রবিউল আলম, সদস্য-সচিব, উপ-ব্যবস্থাপক (আইটি শাখা) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | প্রকৌ.রবিউল আলম, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম ও উপ-ব্যবস্থাপক (আইটি শাখা), জেজিটিডিএসএল, সিলেট কর্তৃক সিদ্ধান্তে উল্লেখিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করবে। |
| ১.৩ | হেলথ এবং স্যানিটারী ইকুইপমেন্টস পরিবর্তন/ মেরামত/ উদ্যোগগ্রহণ | বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে কভিড-১৯ ভাইরাসের সংক্রমণ হতে কোম্পানীর স্যানিটারী ইকুইপমেন্টস সচল রাখার আবশ্যকতা দেখা দিয়েছে। কোম্পানীর বিভিন্ন দপ্তরে হেলথ এবং স্যানিটারী ইকুইপমেন্টস প্রায়ঃশই দেখা যায় অকেজো হওয়ার সাথে সাথে মেরামত/পরিবর্তনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয় না | কোম্পানীর বিভিন্ন দপ্তরে হেলথ এবং স্যানিটারী ইকুইপমেন্টস অকেজো হওয়ার সাথে সাথে মেরামত/পরিবর্তনের প্রযোজ্য বিষাদি/করণীয় পর্যালোচনাপূর্বক বাস্তবায়নের নিমিত্ত আগামী ০৭(সাত) | প্রকৌ. রেজাউল করিম,উপ-মহাব্যবস্থাপক (ক্রয় ডিপার্টমেন্ট), জেজিটিডিএসএল, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যা অবিলম্বে পরিক্ষণ/ পরিবর্তনের উদ্যোগ গ্রহণ প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | |
| ১.৪ | সিকিউরিটি মনিটরিং ও লাইটিং ইকুপমেন্টস | কোম্পানীর বহিরাগত ভিজিটরগণকে সঠিকভাবে নিয়ন্ত্রণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণে ঘাটতি রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। যেকোন দপ্তর/করিডোর/ওয়াশরুম এবং লাইটিং ইকুপমেন্টস নষ্ট হলে তাৎক্ষণিক মেরামত/পরিবর্তনের উদ্যোগ গ্রহণের ঘাটতি রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | কোম্পানীর বহিরাগত ভিজিটরগণকে সঠিকভাবে নিয়ন্ত্রণ এবং দপ্তর/করিডোর/ওয়াশরুম লাইটিং ইকুপমেন্ট নষ্ট হলে তাৎক্ষণিক মেরামত/পরিবর্তনের বিষয়ে প্রযোজ্য বিষাদি/করণীয় পর্যালোচনাপূর্বক বাস্তবায়নের নিমিত্ত আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন প্রদান করবে। | আনিসুর রহমান ভূঁইয়া, উপ-মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস), জেজিটিডিএসএল, সিলেট। |
| ১.৫ | রিয়্যালটাইম গ্যাস বিল পরিশোধ ব্যবস্থা প্রবর্তন | কোম্পানীর গ্যাস গ্রাহকগণের গ্যাস বিল পরিশোধের বিপরীতে ব্যাংকে জমাকৃত বিলের ভাউচার নিয়মিত ভাবে প্রেরণ করা হয় কিনা সে বিষয়ে সকল আঞ্চলিক বিতরণ কার্যালয় (আবিকা) প্রধানকে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | গ্যাস গ্রাহকগণের গ্যাস বিল পরিশোধের বিপরীতে ব্যাংকে জমাকৃত বিল/ভাউচার নিয়মিত ভাবে আবিকাসমূহে প্রেরণ করা হয় কিনা সে বিষয়ে আবিকা প্রধানগণকে সহসাই ছকসহ পত্র প্রেরণ করবে। | প্রকৌ. রবিউল আলম, সদস্য-সচিব, উপ-ব্যবস্থাপক (আইটি শাখা) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। |
| ১.৬ | ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম প্রবর্তন এবং রিয়্যাল টাইম গ্যাস বিল আদায় ব্যবস্থা প্রবর্তন | ২০-২১ অর্থবছরের গৃহীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্ভাবনী আইডিয়াসমূহের মধ্যে ক) ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম প্রবর্তন এবং খ) খ) কাস্টমার কিউ-তে দাড়িয়ে ব্যাংকে গ্যাস বিল জমাপ্রদানকারী গ্রাহকের তাৎক্ষণিকভাবে গ্যাস বিল পরিশোধের নিমিত্ত রিয়েল টাইম গ্যাস বিল আদায় ব্যবস্থা প্রবর্তন। এই ২(দুটি) প্রকল্প পাইলটিং প্রকল্প হিসেবে গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | ২০২০-২১ অর্থ বছরের গৃহীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার উদ্ভাবনী আইডিয়াসমূহের মধ্যে ক) ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম প্রবর্তন এবং খ) ব্যাংকের কাস্টমার কিউ-তে গ্যাস বিল পরিশোধকারী গ্রাহকদেও জন্য রিয়েল টাইম গ্যাস বিল আদায় ব্যবস্থা প্রবর্তন এর ২(দুটি) প্রকল্প পাইলটিং প্রকল্প হিসেবে গ্রহণের নিমিত্ত সহসাই দপ্তর আদেশ জারির উদ্যোগ গ্রহণ করবে। | প্রকৌ. রবিউল আলম, সদস্য-সচিব, উপ-ব্যবস্থাপক (আইটি শাখা) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। |
| ১.৭ | ডিজিটাল পদ্ধতিতে নথি সংরক্ষণ | ডিজিটাল পদ্ধতিতে নথি সংরক্ষণ কাজের সর্বশেষ অগ্রগতি ও করনীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | ডিজিটাল পদ্ধতিতে নথি সংরক্ষণ এর বিষয়টি সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক ও করনীয় বিষয়ে আগামী ১০(দশ) দিনের মধ্যে ইনোভেশন অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণ করবে। | প্রকৌ. সারোয়ার জাহান মাহমুদ, উপ-মহাব্যবস্থাপক (আরডিডি-সিলেট) ও বিপ্লব কুমার বিশ্বাস, ব্যবস্থাপক(আবিকা-ছাতক), জেজিটিডিএসএল, সিলেট। |

**বিবিধঃ**

সভাপতি, ছবিসহ ঠিকাদার নিবন্ধন এর সর্বশেষ হালনাগাদকৃত তালিকা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে ইনোভেশন অফিসার, টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত কার্যবিবরণীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ টিমের সকলকে আরোও তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। এছাড়াও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট কর্তৃক এক্সেস টু ইনফরমেশন (এটুআই), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) ও ন্যাশনাল একাডেমী ফর প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট (এনএপিডি) এর সাথে যোগাযোগপূর্বক ০২(দুই) ব্যাপী প্রশিক্ষণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১.০৯.২০২০

(প্রকৌ. জসিম উদ্দিন আহমদ)
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
ও
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

**বিতরণঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। ইনোভেশন টিম এর সদস্য.................................................................জেজিটিডিএসএল, সিলেট।
২। মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ/বিপণন-উত্তর/প্রশাসন), জেজিটিডিএসএল, সিলেট।
৩। শাখা প্রধান, আইটি শাখা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ), জেজিটিডিএসএল, সিলেট।
৪। উপ-মহাব্যবস্থাপক(জেনারেল সার্ভিসেস/ ক্রয় ডিপার্টমেন্ট/আরডিডি-সিলেট), জেজিটিডিএসএল, সিলেট।
৫। ব্যবস্থাপক (কেন্দ্রীয় রাজস্ব শাখা), জেজিটিডিএসএল, সিলেট।

**অনুলিপিঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল, সিলেট।
২। মহাব্যবস্থাপক(অপারেশন/কন্সট্রাকশন), জেজিটিডিএসএল, সিলেট।
৩। দপ্তর নথি।